

M.A. PART-II EXAMINATION : 2021 (CDOE) B.U.

বিষয় : বাংলা

সপ্তম পত্র

বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।
(প্রতিটি অর্ধের জন্য প্রত্যক্ষ উত্তরপত্র ব্যবহার করুন)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

পূর্ণমান : $10 \times 2 = 20$

- ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্য অবলম্বনে সমকালীন সমাজচিত্রের সংক্ষিপ্ত বিবরণ দিন।
খ) সীতা চরিত্রাতি কৃতিবাস কীভাবে গড়ে তুলেছেন, তা তাঁর রচিত রামায়ণের কাহিনি অনুসরণ করে আলোচনা করুন।
গ) কী ধরনের কাহিনি অবলম্বন করে কৃতিবাস হাস্যরস সৃষ্টি করেছেন, তাঁর রচিত রামায়ণ অবলম্বনে বুঝিয়ে দিন।
ঘ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মঙ্গল' কাব্যের বিষয়বস্তু বিশ্লেষণ করে দেখান, এই কাব্যকে রাঢ়ের জাতীয় মহাকাব্য বলা হয় কেন ?

সপ্তম পত্র (বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য) প্রথম অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

পূর্ণমান : $10 \times 2 = 20$

- ক) 'মাথুর' পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব আলোচনা করুন।
খ) বিদ্যাপতিকে 'সুখের কবি' বলা হয়। কিন্তু 'প্রার্থনা' বিষয়ক পদে তাঁর যন্ত্রণাকাতর মনের প্রতিরূপ ধরা পড়ে।—মন্তব্যটির যাথার্থ্য নিরূপণ করুন।
গ) পূর্বরাগ ছাড়া আর কোন পর্যায়ের পদে চন্তীদাসের কবি-প্রতিভার বিকাশ ঘটেছে পাঠ্যপদ অনুসরণ করে আলোচনা করুন।
ঘ) আক্ষেপানুরাগ পর্যায়ের পদে জননদাসের কৃতিত্ব আলোচনা করুন।

সপ্তম পত্র (বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য) দ্বিতীয় অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

বিশেষ পত্র : কথাসাহিত্য

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করুন)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : $10 \times 2 = 20$

- ক) “যদি জানিতাম স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব —তবে কদাপি করিতাম না”। —এই উক্তির আলোকে ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে কপালকুণ্ডলা চরিত্রের স্বরূপ বিশ্লেষণ করুন।
- খ) ‘ঘরে-বাইরে’ উপন্যাসে বিমলা ও নিখিলেশের দাস্পত্য সম্পর্কে যে টানাপোড়েন লক্ষ করা যায় তার স্বরূপ উন্মোচন করুন।
- গ) ‘ঘরে-বাইরে’ উপন্যাসে গৌণ চরিত্রগুলির মধ্যে অন্তত দুটি চরিত্রের তাৎপর্য উপন্যাসে কীভাবে চিহ্নিত হয়েছে তা ব্যাখ্যা করুন।
- ঘ) শাস্ত্রধর্মের দোহাই দিয়ে সাধারণ মানুষকে শোষণের প্রতিচ্ছবি যেমন ‘কঙ্কাবতী’তে আছে, সেই সঙ্গে উদার মানবধর্মের প্রকাশও লক্ষ করা যায়। — উপন্যাস অনুসরণে অভিমতটি পর্যালোচনা করুন।

সম্পূর্ণ পত্র (বিশেষ পত্র : কথাসাহিত্য) প্রথম অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : $10 \times 2 = 20$

- ক) ‘পথের পাঁচালী’ উপন্যাসে জীবনের ‘আনন্দযাত্রা’র প্রকাশ ঘটেছে অপূর পথ চলার মধ্যে দিয়ে। —উপন্যাস অনুসরণে ওই ‘আনন্দযাত্রা’র স্বরূপ উন্মোচন করুন।
- খ) প্রাম-ভারতবর্ষের যে সমাজবাস্তবতাকে বিভূতিভূষণ ‘পথের পাঁচালী’তে তুলে এনেছেন, উপন্যাস অনুসরণে তা বিবৃত করুন।
- গ) ‘একজন আড়ালে বসে খেলাচেছেন’ এবং ‘তাঁকে একবার হাতে পেলে দেখে নিতাম’ —এই দুই ভাষ্যের মধ্যেই ধরা পড়েছে ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসের মূল অভিধায়। —ব্যাখ্যা করুন।
- ঘ) রাঢ়-বঙ্গের জীবন প্রকাশে লোক-উপাদানের ব্যবহার ‘রাধা’ উপন্যাসকে কীভাবে সমৃদ্ধ করেছে, তা উদাহরণসহ আলোচনা করুন।

সম্পূর্ণ পত্র (বিশেষ পত্র : কথাসাহিত্য) দ্বিতীয় অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

বিশেষ পত্র : নাটক

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করুন)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : $10 \times 2 = 20$

- ক) কমেডির উৎপত্তি কীভাবে হয়েছে ? আরিস্টটল ও তাঁর পরবর্তী কয়েকজন নাট্যতাত্ত্বিক কমেডি সম্পর্কে যে মতামত দিয়েছেন, তা আলোচনা করুন। $8+2=10$
- খ) ট্রাজেডির ষড়ঙ্গ বলতে কী বোঝেন ? ষড়ঙ্গের কোন অঙ্গটি সর্বাধিক গুরুত্বপূর্ণ বলে তাত্ত্বিকেরা মনে করেন এবং কেন ?
বিষয়টি সংক্ষেপে বুঝিয়ে দিন। $2+8+8=10$
- গ) হেরাসিম লেবেডফ কোন দেশের অধিবাসী ছিলেন ? তাঁর পূর্ব নাম কী ? লেবেডফ ও বেঙ্গলি থিয়েটার বাংলা রংপুরের ইতিহাসে কতটা তাৎপর্যপূর্ণ, তা আলোচনা করুন। $1+1+8=10$
- ঘ) মিনার্ড থিয়েটারের প্রতিষ্ঠা কোথায়, কীভাবে হয়েছিল ? প্রতিষ্ঠাকাল থেকে উনিশ শতকের শেষ পর্যন্ত এখানকার অভিনয়-ইতিহাস সংক্ষেপে লিপিবদ্ধ করুন। $1+1+8=10$

সপ্তম পত্র (বিশেষ পত্র : নাটক) প্রথম অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : $10 \times 2 = 20$

- ক) ‘নব-নাটক’ নাটকটির নায়ক কে ? এই নায়ক চরিত্রটি কতদুর নায়কোচিত গুণে পূর্ণ, তা বিশ্লেষণ করুন। $1+9=10$
- খ) ‘জমীদার দর্পণ’ নাটকটির নামকরণ কতদুর যথার্থ হয়েছে, তা বিচার করুন। 10
- গ) ‘জমীদার দর্পণ’ নাটকে নুরনেহার চরিত্রটি পর্যালোচনা করুন। 10
- ঘ) ঐতিহাসিক নাটক হিসেবে ‘কৃষ্ণকুমারী’ নাটক কতখানি সার্থক, তা বিচার করুন। 10

সপ্তম পত্র (বিশেষ পত্র : নাটক) দ্বিতীয় অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।